

প্রেস রিলিজ  
০২ মার্চ ২০২৪

## বাউবিতে প্রফেশনাল এমবিএ শিক্ষার্থীদের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস পরিচালিত প্রফেশনাল এমবিএ প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ০১ মার্চ ২০২৪ শুক্রবার গাজীপুর ক্যাম্পাসের বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। নবাগত শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছা ও বিভিন্ন শিক্ষা সামগ্রী উপহার দিয়ে বরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু।

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. নাসিম বানু বলেন, শিক্ষার্থীদের শুধুমাত্র পুঁথিগত বিদ্যায় শিক্ষিত হলে চলবে না, পুঁথিগত শিক্ষার পাশাপাশি বিভিন্ন সফট স্কিল ও লাইফ স্কিলে দক্ষ হতে হবে। শিক্ষার্থীদের অন্তর্নিহিত মেধা ও মননকে কাজে লাগিয়ে নিজ জীবন ও সমাজকে আলোকিত করতে হবে। নবীন শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে নিজেদের সম্ভাবনাকে বিকশিত করে দেশ, জাতি ও সমাজের কল্যাণে নিবেদিত করবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।



নবীনবরণ অনুষ্ঠানের বক্তব্য প্রদান করছেন বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু

অনুষ্ঠানে স্কুল অব বিজনেসের প্রফেশনাল এমবিএ প্রোগ্রামের ডিরেক্টর ও অধ্যাপক ড. কাজী মোঃ গালিব আহসানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও স্কুল অব বিজনেসের ডীন অধ্যাপক ড. মঈনুল ইসলাম উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন স্কুল অব বিজনেসের অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন অনুষ্ঠানের সদস্য সচিব অধ্যাপক ড. শাহীন আহমেদ। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্কুল অব বিজনেসের সহকারী অধ্যাপক আদিবা আনিস ও আসমা আক্তার শেলী।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. সিরাজুল ইসলাম, সহকারী অধ্যাপক কায়েস বিন রহমান, সহকারী অধ্যাপক আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক ড. মল্লিকা ঘোষ, প্রভাষক সিবাত মাসুদ এবং প্রভাষক শাহিমা জেবিন প্রমুখ। প্রফেশনাল এমবিএ প্রোগ্রামের বিভিন্ন ব্যাচের প্রায় ২৫০ জন শিক্ষার্থী দিনব্যাপী এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

ড. আ ফ ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

বাউবির দিক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা